ফরওয়ার্ড

শারদ সংখ্যা ২০২৩

FORWARD

REBUILDING INDIA IN NETAJI'S WAY

Cover Photo:
Rajdeep Saha

The abstract artwork emanates the demon-defeating Goddess Durga through a whirlwind of vibrant colours and dynamic forms. A mesmerising dance of energy and power, capturing the essence of the goddess's fearless spirit in a visual symphony.

Copyright ©2022 Forward Media Group

All rights reserved. Any part of this e-publication may not be reproduced or used in any manner whatsoever without the written permission from the copyright owner, except in cases of brief quotations in reviews and certain other noncommercial methods permitted by the copyright law of India

Copyright of all articles belong to the respective copyright owners. Forward Webzine or Forward Media Group does not bear any responsibility of the articles published.

ফরওয়ার্ড

শারদ সংখ্যা ২০২৩

Amidst the joy of Durga Puja's grandeur,
A night of devotion, the city's heart does conquer.

In the midst of beats, drums, and festivity's swell,
Durga arrives in grace, her victory tale to tell.

আমাদের কথা

যা দেবী সর্বভূতেষু শক্তিরূপেণ সংস্থিতা ।
নমস্তস্যৈ নমস্তস্যৈ নমস্তস্যৈ নমো নমঃ ।।

২০২৩ বর্ষটির শুরু থেকেই, আমরা, দেশ ও জাতি হিসাবে, সাফল্য ও সার্থকতার পথে হেঁটে চলেছি। G20 সম্মেলন, চন্দ্রযান ৩ -এর সাফল্য, আদিত্য L1-এর সফলতা, ভারতীয় সঙ্গীতের অস্কার প্রাপ্তি এবং আরও অনেক কিছু। দেশপ্রেম যখন শীর্ষে, তখন অতীতের ঐতিহ্য এবং সংস্কৃতির সাথে পুনঃসংযোগ করেই আমরা সম্পূর্ণতা অনুভব করতে পারি। এই কথাটি মাথায় রেখেই ফরোওয়ার্ড মিডিয়া গ্রুপ সেই 'সম্পূর্ণতা'-র অনুভূতি পাঠকদের মধ্যে নিয়ে আসার চেষ্টায় প্রকাশ করছে এই শারদ সংখ্যা ২০২৩; একটি বিশেষ সংস্করণ যেখানে আমরা আমাদের শারদীয় শুভেচ্ছা সম্পূর্ণ ভিন্ন রূপে ব্যক্ত করব। বিগত দু'বছরের থেকে এই বছরের শারদ সংখ্যা ভিন্ন, কারণ এই বৎসর আমারা প্রকাশ করছি আপনাদের লেখা ও চিন্তাভাবনা।

চারিদিকে কাশফুলে ঢাকা দিগন্ত এবং তারই মধ্যা মায়ের ঘোটকে আগমন; এখানে আপনার কানে শুধু বাজবে ঢাকের বাদ্যি ও নাকে ভেসে আসবে শুধু ধুনোর গন্ধ। আমরা আমাদের প্রিয় পাঠকদের স্বাগত জানাই এক ভাব-জগতে যে যা আপনারা ও আমরা একসঙ্গে সৃষ্টি করেছি।

ফরোয়ার্ড মিডিয়া গ্রুপ তার প্রিয় পাঠকদের আন্তরিক অভিপ্রায়ের সাথে জানায় 'শুভ শারদিয়া', যা আমরা আশা করি আপনি ভুলে যাবেন না যতক্ষণ না 'আসছে বছর আবার হবে' শোনা যাচ্ছে। আপনাদের প্রতি শ্রদ্ধা জানাই, যারা নিজের সময়সূচীর ব্যস্ততার মধ্যেও আমাদের ওয়েবজিনকে সমর্থন করতে ব্যর্থ হন না। আমাদের বিনম্র শ্রদ্ধা আমাদের লেখকদের কাছে যারা তাদের অভিনব ধারণা নিয়ে এগিয়ে এসেছেন এবং এই সংস্করণটি সার্থক করে তুলেছেন। আমরা আপনার পক্ষ থেকে একটি উৎসাহী প্রতিক্রিয়া পেতে আশা করি।

ধন্যবাদান্তে
এডিটোরিয়াল বোর্ড
ফরওয়ার্ড ওয়েবজিন
২০শে অক্টোবর ২০২৩

EDITORIAL NOTE

Yaa Devi Sarva-Bhutessu Shakti-Ruupenna Samsthitaa |
Namas-Tasyai Namas-Tasyai Namas-Tasyai Namo Namah ||

Since the start of the year, 2023 has proved to be a worthwhile span with the G20 summit, success of Chandrayaan-3, successful launch of Aditya L1, Oscar wins for the song and so much more. While patriotism is at its peak, reconnecting with the past traditions and culture is just what is needed to feel complete. Keeping this in mind, Forward Media Group tries to bring that 'complete' feeling with our Sharod Shonkhya 2023; a special edition in which we attempt to bring out the autumn sensation of our hearts in a way different to what was already explored last year.

Plunge into the world of kans surrounding the arrival of Maa Durga on a horse, where everything you hear is the auspicious dhol and everything you smell is the dhunuchi's smoke. Our dear readers are welcome to immerse themselves in the knowledge and thoughts our contributors, from across the country, have tried to express.

Forward Media Group wishes our dear readers, with the heartiest and sincerest intention, a Happy Durga Puja, which we hope you won't forget till, the saying this year, 'Asche Bochor Abar Hobe' comes into fruition, the next year. Lastly, a tribute to our supportive readers who never fail to support our webzine amidst the hustle and bustle of their schedule; and the contributors who have come forward with their ideas and works to make this edition, a worthwhile one in front of our readers. We hope to receive an eager response from your side. Read on!

Jai Hind!
Editorial Board
Forward Webzine
20th October 2023

সূচীপত্র

বোধন

বিবেক-বাণী প্রেরণা চিরন্তনী - Swami Satkritananda Maharaj - 9
বন্দে মাতরম্ - Rajdeep Saha - 11
Poem - Snehadri Sarkar - 14
বাংলার দুর্গা পূজা - Abhinaba Bose - 15
পুজোর গন্ধ - Rimi Naskar - 17
গিরিশ ঘোষের জ্যান্ত দুর্গা - Pabrisha Das - 18
Poem - Shreyasi Pal - 21
পুজোর পুরাণ - Ratul Sengupta - 22
Durga Puja : As I See It - Riddhi Das - 24

অগ্নিযুগের কাহিনী

Poem - Deboleena Mishra – 26
21 October 1943: Proclamation of Independence – Kausani Saha – 27
এই দেশ ভোলেনি তোমায় - Patralekha Karmakar – 30
বিস্মৃত বিপ্লবী - শ্রী দীনেশচন্দ্র মজুমদার - Arnab Banerjee – 31
ফিরে এসো স্বাধীনতা - Ujjal Mondal - 35

চিত্রকলা

Debjeet Mukherjee - 38
Baishali Nath - 39
Rupsa Surai - 40
Ashmita Das - 41
Sattam Roy - 42
Ananya Banerjee - 43
Rupsa Surai - 44
Ashmita Das - 45
Sudipta Mondal - 46

কলাক্ষেত্র

AI Grabbing the Fortuity of Human Existence - Debanjali Mukherjee - 48
The Girl's Path – Koyena Chatterjee – 50
Success From Chandrayaan 1 2 3 - Debayan Chatterjee – 51
Poem - Manali Chakraborty – 54
Unsung Civil Servants of India - Anoushka Ghosh - 55
Hard Work Pays Off - Soumyadip Mukherjee - 57

Behind The Lens

Sayan Mukherjee - 59
Debjoti Mahato - 60
Srilekha Mitra - 61
Rajdeep Saha - 62

বোধন

বিবেক-বাণী প্রেরণা চিরন্তনী

Swami Satkritananda Maharaj

Swami Satkritananda Maharaj is a Resident Monk at Ramakrishna Math and Mission, Baranagar. He is an ardent follower of Swamiji and Netaji and spreads their teachings through his service to the community.

আমাদের সভ্যতা বিজ্ঞান ও প্রযুক্তি সহায়ে ক্রমশ এগিয়ে চলেছে। প্রযুক্তিগত ভাবে আমরা উন্নত হয়েছি বটে,তবু জাতি-ধর্ম-বর্ণ নিয়ে আজও মানুষে মানুষে ভেদ - বিবাদ একই ভাবে থেকে গিয়েছে। আকাশছোঁয়া চাহিদাপূরণের অতৃপ্ত বাসনা নিয়ে মানুষ প্রতিযোগিতার ইঁদুর দৌড়ে ছুটে চলেছে, এক মুহূর্তও যেন আর তাদের দাঁড়াবার অবসর নেই। এর অনিবার্য প্রভাব পড়ছে শরীর -মন-বুদ্ধিতে। প্রভাব পড়ছে ব্যক্তিগত এবং পারিবারিক পরিসরে। জমছে ক্ষোভ আর হতাশা, বাড়ছে হিংসা। মানসিক অবসাদের শিকার হতে থাকা মানুষের দল সস্তার আনন্দে মেতে দুঃখকে ভুলে থাকতে চায়। আবার এদেরই মধ্যে কেউ কেউ সাফল্য পাবার অলৌকিক জাদুকরী টোটকার সন্ধান পাবার মরিয়া চেষ্টা করে দিন কাটায়। অধিকাংশ মানুষ সফলতা কে আজ একটা পণ্য বলে মনে করে আর সেটাকে কিনতে চায়। অথচ তারা এর সঠিক দাম দিতে জানে না। সাফল্যের একমাত্র মূল্য- সমস্ত শক্তি লাগিয়ে নিয়ামানুসারে প্রচেষ্টা করতে থাকা,এবং করতেই থাকা যতক্ষণ না তা পাওয়া যাচ্ছে। এর কোন shortcut হয় না, আর ফাঁকি দিয়ে পাওয়া সফলতা জীবনে দীর্ঘস্থায়ী কোন ছাপ রাখতে ব্যর্থ হয়। প্রচেষ্টার মাধ্যমেই মানুষের মধ্যে থেকে সেরা-টা বাইরে আসে। স্বামী বিবেকানন্দ আমাদের শেখান Struggle is The Sign of Life.

মানুষে মানুষে পার্থক্য হল মনে; কেউ জলের গ্লাসের অর্ধ-পরিমাণ মতন জল কে বলেন অর্ধেক ফাঁকা,কেউ বা বলেন অর্ধেক ভর্তি। আজকের সময়ে দাঁড়িয়ে আমরা জলদূষণ, বায়ুদূষণ নিয়ে সচেতন হবার কথা বলি, অথচ উচ্ছৃঙ্খল উন্মাদনাম জীবন যাপন, ভাষার অসংযম, মূল্যবোধের ন্যূনতম শিক্ষাটুকুরও একান্ত অভাব ছেলে-বুড়ো-মাঝবয়সী সকলের মনে যে বিকৃতি,যে পরিমাণ দূষণ এনে হাজির করেছে; সে সম্বন্ধে সমাজ যেন বড় বেশিরকমের উদাসীন। আজ সফলতা হাসিল করার চাইতেও অধিক গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়িয়েছে সুস্থ মন ও সুস্থ ব্যক্তিত্বের অধিকারী সুনাগরিক হওয়া। অন্যথায় তথাকথিত সফল ব্যক্তির সফলতার মাশুল দিতে হয় অপরকে। স্বামী বিবেকানন্দের দৃষ্টিতে আত্মসংযমের অনুশীলন মানবীয় উৎকর্ষের সাধন; সংযমে মানুষ হয় দেবতার তুল্য মহান;-

“মানুষের struggle (সংগ্রাম) হচ্ছে মনে। মনকে যে যত control (আয়ত্ত) করতে পেরেছে, সে তত বড় হয়েছে।”

স্বামী বিবেকানন্দের সকল বাণীগুলির মধ্যে আছে শক্তি, আছে গতি। স্বামীজীর'ই এক গুরুভাই স্বামী তুরীয়ানন্দ একদা বলেছিলেন স্বামীজীর এই শক্তিপ্রদ বাণীগুলি যদি কোন নিদ্রামগ্ন ব্যক্তির কানে গিয়ে প্রবেশ করে, তাহলে সে উঠে বসবে; জেগে বসে আছে এরকম লোকে যদি এই বাণীগুলি শোনে, তাহলে সে আর বসে থাকতে না পেরে চলতে শুরু করবে; যে চলতে চলতে শুনবে, সে চলা ছেড়ে দৌড়তে শুরু করে দেবে। ছোট ছোট ছেলেরা যারা অন্ধকারে ভূতের ভয় পায় আর চারিদিকে কেবল ভূত দেখে, ঠিক তাদেরই মতন আমাদের সমাজের অনেক মানুষ রয়েছেন যারা সমস্যাকে ভয় পান আর জীবনে চলবারপথে চারিদিকে কেবল সমস্যাই দেখতে পান। তাঁদের ব্যক্তিত্বের দুর্বলতা, সামান্য হতে সামান্যতম বাধার সম্মুখীন হলে তাঁদের মধ্যে সংগ্রাম অথবা

প্রচেষ্টার বদলে জাগিয়ে তোলে পলায়নী-মনোবৃত্তি। এই মানুষগুলি কখনও যদি স্বামীজীর লেখা বা তাঁর বক্তৃতাগুলি পড়বার সুযোগ পান, দেখতে পাবেন স্বামী বিবেকানন্দ আমাদের শেখাচ্ছেন -

"Face the brutes, that is a lesson for all life, face the terrible, face it boldly."

তিনি চাইতেন তাঁর প্রতি অনুগামী যেন বীর হয় মহাবীর হয়। স্বামী বিবেকানন্দের ভাবানুসারী ইতিবাচক শিক্ষা, ইতিবাচক দৃষ্টিভঙ্গির দ্বারা আমরা নিজেদের ও অপরের জীবনসমস্যার সমাধান করতে পারি। মানসকন্যা ও শিষ্যা ভগিনী নিবেদিতা স্বামী বিবেকানন্দের বানী ও রচনার ভূমিকায় লিখেছেন- স্বামীজীর প্রদত্ত উপদেশ, বক্তৃতা, রচনাসমূহ পৃথিবীর সকলের জন্য আধ্যাত্মিক করুণার এক "সর্বরোগহর মহৌষধী"। নিজের সম্বন্ধে একটি চিঠিতে একবার স্বামী বিবেকানন্দ লিখেছিলেন - "I am avoice without a form" - অমূর্ত বাণী। স্বামী বিবেকানন্দের বানীর মধ্যে তাঁর ভাব-তাঁর শক্তি আজও প্রচণ্ডভাবে জাগ্রত হয়ে আছে, পাঠকের অন্তর্জগতে তা আপনা থেকেই নিজের প্রভাব বিস্তার করতে থাকে।

সমাজের সকল মানুষের জন্যই অফুরন্ত অনুপ্রেরণার উৎস তাঁর বাণী; ছাত্র- শিক্ষক, চাকুরিজীবী, গৃহবধূ, শ্রমিক থেকে সমাজসেবী অথবা রাজনৈতিক ব্যক্তিত্ব - সকলের জন্য। গঙ্গা যেমন সবার, হিমালয় যেমন সকলের, তেমনই স্বামীজীর বাণী। নিজেকে দৈহিক, মানসিক এবং আধ্যাত্মিকভাবে সবল করে গড়েতোলার প্রচেষ্টা প্রতিটিমানুষেরই অবশ্যকর্তব্য।

জীবনের যে স্তরেই যে থাকুক না কেন, একবার চেষ্টায় যদি সে তার লক্ষ্য না পায়, সে যেন বারবার চেষ্টা করে নিজেকে উপযুক্ত হিসাবে তৈরি করে। স্বামীজীর মতে,যদি কেউ কোন কিছু পাবার উপযুক্ত হয়, পৃথিবীর কোনো শক্তিই তার থেকে তাকে বঞ্চিত করতে পারে না।

বন্দে মাতরম্

RAJDEEP SAHA

সার্বজনীন থেকে বিশ্বজনীন – বাঙালির পুজো আজ বিশ্ব-বিখ্যাত। তবে পুজোর অন্তরাত্মা স্পর্শ করতে আমরা পেরেছি কি? এখন পুজো মানে তো শুধু সেরা প্রতিমা, সেরা মণ্ডপসজ্জা, সেরা আলোকসজ্জা ও আরও ভিন্ন রকমের পুরষ্কার-প্রাপ্তির আসর। চোখ ধাঁধানো থিম ও আধুনিকতার ভিড়ে আমরা ভুলতে বসেছি মায়ের সাবেকি রূপ, পুজোর রীতি-রেওয়াজ ও সেই সঙ্গে বারোয়ারি পুজোর আবেগ। তাই নয় কি? প্রতি বছর মা অসুর-দমন করেন। কিন্তু আমাদের সমাজের অসুর প্রকৃতভাবে নিহত হয় কি? দারিদ্রতা, অশিক্ষা, অনাহার – সমাজকে করে তুলেছে অস্তিত্বের অযোগ্য। তবুও সমাজের প্রতিটি স্তরের মানুষ একত্র হয় উৎসবে; নিজেদের সাধ্যের মধ্যে খুঁজে নেয় আনন্দ; আশ্রয় খুঁজে নেয় মায়ের কোলে। এটাই তো শাশ্বত। এটাই তো সনাতন। এটাই তো সম্বল আমাদের।

দুর্গা পুজো হল বাঙালির ঘরের পুজো; সপরিবারে মায়ের নিজগৃহে আগমন। কিন্তু "যেমন দুষ্টের শাসন সন্তানের ধর্ম, শিষ্টের রক্ষাও সেইরূপ ধর্ম।" প্রকৃত অর্থে মাতৃ আরাধনা হল শক্তির আরাধনা। 'মা' এক হাতে আসুর দমন করেন ও অপর হাতে নিজের সংসার সামলান; এইরূপ কর্তব্যপরায়ণ চরিত্র আমাদের এই শিক্ষা দেয় যে সমাজে আমাদের নানাবিধ দায়িত্ব ও কর্তব্য আছে এবং সকল কর্তব্য আমাদের একইভাবে সমান নিষ্ঠার সাথে পালন করে চলতে হবে; অতএব কোন একটি দায়িত্ব পালন করতে করতে আমরা অপরটিকে উপেক্ষা করতে পারি না। মায়ের এই নিদারুণ শক্তি বুকে নিয়ে যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন বাংলা তথা সমগ্র ভারতের বহু স্বাধীনতা সংগ্রামী। ১৮৮২ খ্রিঃ-এ বঙ্কিমচন্দ্র চ্যাটার্জি রচনা করলেন তাঁর কালজয়ী উপন্যাস 'আনন্দমঠ'। সত্তরের দশকের শেষভাগে ঘটা সন্ন্যাসী বিদ্রোহের প্রেক্ষাপটে লেখা এই উপন্যাস ছিল খুবই বিচিত্র কারণ এটিই প্রথম দেশ তথা জন্মভূমিকে 'মা' বলে বর্ণনা করে। "আমরা অন্য মা মানি না – জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী। আমরা বলি জন্মভূমিই জননী, আমাদের মা নাই, বাপ নাই, ভাই নাই, বন্ধু নাই, স্ত্রী নাই, পুত্র নাই, ঘর নাই, বাড়ি নাই, আমাদের কাছে কেবল সেই সুজলা, সুফলা, মলয়জসমীরণশীতলা শস্যশ্যামলা, ..."

বঙ্কিমচন্দ্রের আনান্দমঠ পরাধীন ভারত-মাতাকে তিন রূপে ব্যাখ্যা করেছে যা এক এবং অদ্বিতীয়। প্রথম, "অপরূপা সর্বাঙ্গসম্পন্না সর্ব্বভরণভূষিতা" মা জগদ্ধাত্রী; এই রূপে মা পূর্বে, অর্থাৎ শৃঙ্খলাবদ্ধ হবার আগে, বিরাজ করতেন। "ইনি কুঞ্জর কেশরী প্রভৃতি বন্য পশুসকল পদতলে দলিত করিয়া বন্য পশুর অবস্থানে আপনার পদ্মাসন স্থাপিত করিয়াছিলেন। ইনি সর্ব্বালঙ্কারপরিভূষিতা হাস্যময়ী সুন্দরী ছিলেন। ইনি বালার্কবর্ণাভা, সকল ঐশ্বর্যশালিনী।" দ্বিতীয়, ভয়ঙ্করী মা কালী; এইটি হল মা-র শৃঙ্খলাবদ্ধ রূপ। "কালী –

শ্রী অবনীন্দ্রনাথ ঠাকুর-এর আঁকা 'ভারত মাতা'-র চিত্র

অন্ধকারসমাচ্ছন্না কালিমাময়ী। হৃতসর্ব্বস্বা, এই জন্য নগ্নিকা। আজি দেশে সর্ব্বত্রই শ্মশান – তাই মা কঙ্কালমালিনী। আপনার শির আপনার পদতলে দলিতেছেন – হায় মা!" আর আমরা সকল সন্তানেরা অস্ত্রস্বরূপ মায়ের হাতে কেবল তুলে দিয়েছি খর্গ। তৃতীয়, অপূর্ব সৌম্যকান্ত ও স্নিগ্ধিরূপা মা দশভুজা দুর্গা; শৃঙ্খলমুক্ত হবার পর এটাই হবে মায়ের রূপ। "দশ ভুজ দশ দিকে প্রসারিত – তাহাতে নানা আয়ুধরূপে নানা শক্তি শোভিত, পদতলে শত্রু বিমর্দ্দিত, পদাশ্রিত বীরকেশরী শত্রুনিপীড়নে নিযুক্ত।"

শুভ্র-জ্যোৎস্না-পুলকিত-যামিনীম্
ফুল্লকুসুমিত-দ্রুমদলশোভিনীম্
সুহাসিনীং সুমধুরভাষিণীম্
সুখদাং বরদাং মাতরম্ ।।

* * *

বাংলার ইতিহাসে কয়েক সহস্র বছর ধরে হয়ে এসেছে দুর্গা পুজো। তবে কালের নিয়মে পুজোর ধাঁচে এসেছে পরিবর্তন। ঠিক এই রকমই এক পরিবর্তন ছিল 'এক-চালা প্রতিমা' থেকে 'পাঁচ-চালা প্রতিমা'-র বিবর্তন। সন ১৯৩৮খ্রিঃ। কুমারটুলি সার্বজনীন পুজো কমিটির মণ্ডপে ধরল ভয়ানক আগুন। ঠিক পঞ্চমীর রাতে এইরূপ অমঙ্গল ঘটায় কর্তৃপক্ষ হয়ে উঠল উদ্বিগ্ন। শেষে কমিটির প্রেসিডেন্ট উপস্থাপিত করলেন এক অভিনব উপায় – পাঁচ-চালা দুর্গা প্রতিমা। খুব স্বাভাবিক ভাবেই এই প্রচেষ্টায় বহু সদস্যের অমত থাকা সত্ত্বেও, সময়ের অভাবে ও প্রেসিডেন্টের কথা উপেক্ষা করতে না পেরে তারা রাজী হলেন। উপরন্তু প্রেসিডেন্টের যুক্তি ছিল অনস্বীকার্য – "মায়ের জীবনযুদ্ধ সন্তানদের না দেখাই শ্রেয়।" রাতারাতি মূর্তি তৈরি হল এবং মায়ের পুজো সম্পন্ন হল। প্রেসিডেন্টের নাম সুভাষচন্দ্র বসু। বলা বাহুল্য, আজকের দিনের বেশীর্ভাগ পুজো হয় 'পাঁচ-চালা প্রতিমা'-র আদলে।

বিশের দশকের শুরুর দিক পর্যন্ত দুর্গা পুজো মূলত হত জমিদার বাড়িতে এবং ব্রিটিশদের সাথে ঘনিষ্ঠতা বজায় রাখার জন্য করা হত। কলকাতার প্রথম সার্বজনীন পুজো আয়োজিত করা হয় ১৯১৯খ্রিঃ বাগবাজার সার্বজনীন পুজো কমিটি দ্বারা স্বদেশী মনোভাব প্রচারের জন্য। এক-চালা দেবী প্রতিমাকে খাদির কাপর পরানো হত এবং পুজো মণ্ডপে বিক্রয় করা হত নানা স্বদেশী দ্রব্য। এটা ছিল বাংলার প্রথম সার্বজনীন দুর্গোৎসব, যদিও বারোয়ারি পুজো কলকাতায় আরও কয়েক বছর আগে থেকে ঘটে এসেছে। তারপর এটিকে অনুসরণ করে গড়ে উঠেছে আরও অনেক। কলকাতার মট তিনটি পুজো কমিটির সঙ্গে ওতপ্রোত ভাবে যুক্ত ছিলেন সুভাষচন্দ্র বসু – শিমলা ব্যায়াম সমিতি, কুমারটুলি সার্বজনীন, বাগবাজার সার্বজনীন।

* * *

যদি বলা হয় সুভাষচন্দ্র বসু ও বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র contemporary, তাহলে আমাদের মানতে একটু অসুবিধা হওয়াটাই স্বাভাবিক। দু'জনের মধ্যে কোন মিল না থাকলেও কলকাতা, দুর্গা পুজোর ও স্বদেশী আন্দোলনের প্রেক্ষাপটে এবং দু'জনেই স্কটিশ চার্চ কলেজের স্নাতক বলে তাদের মেলানো যেতেই পারে। সন ১৯৩১ খ্রিঃ কলকাতা বেতারকেন্দ্র তথা ভারতীয় বেতারের "জিবনেতিহাসে বিশেষভাবে তাৎপর্যময়। কারণ, ওই বছরই আমরা [বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র ও অন্যান্যরা] আমাদের উত্তরকালের সবচেয়ে জনপ্রিয় ও মর্যাদা সম্পন্ন অনুষ্ঠান 'মহিষাসুরমর্দিনী' সুচনা করি।" বিগত নয় দশক ধরে এই অনুষ্ঠান বাঙালীর মাতৃ আরাধনার সুচনা করে চলেছে। ভাবতে পারেন! ১৯৩১-এর আশেপাশে স্বদেশী আন্দোলনের এক উত্তাল সময় চলছে। কিন্তু, বেতার-অনুষ্ঠানে এ সবের কোনও ছোঁয়া নেই; একটি ব্রিটিশ-প্রশাসিত কোম্পানিতে ছোঁয়া থাকা

কলকাতা বেতারের তিন স্তম্ভ
বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র, বাণী কুমার, পঙ্কজ কুমার মুল্লিক

সম্ভবও নয়। বেতারে যে সব বাঙালি তথা ভারতীয়রা চাকরি করছেন, এটি তাদের যন্ত্রণার বিষয় বইকি। তারা কাজ করছেন একটি প্রচার মাধ্যমে, অথচ তাকে মনের মতো করে কাজে লাগাতে পারছেন না। কিন্তু ঘুরপথে তারা অনুষ্ঠান-পরিকল্পনায় স্বদেশীয়ানার বার্তা দেওয়ার চেষ্টা করতেন। কি অদ্ভুত দেখুন, 'মহিষাসুরমর্দিনী'-তেও আমরা দেখি, শাস্ত্রমতে যে রণরঙ্গিনী দুর্গা, তাঁরই পূর্ণ প্রতিফলন ঘটেছে এখানে। বাংলার লৌকিক ভাবনাজাত দুর্গার যে কন্যাসমা 'উমা'-র রূপ, সে ভাবে কী এসেছে? কিছু কিছু গানে স্নিগ্ধরূপের বর্ণনা থাকলেও, বাণীকুমার 'ভাষ্য' অংশে সম্পূর্ণভাবেই মায়ের অসুরদলনী রূপ তুলে ধরেছেন।

নিজের ব্যক্তিগত জীবনেও বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র ছিলেন আর পাঁচটা সমকালীন বাঙালীর মতোই ব্রিটিশ বিরোধী। পড়াশুনো শেষ করার পর ব্রিটিশ-ভারতীয় রেলে চাকরিতে ঢুকলেও খুব অল্পদিনেই তা ছেঁড়ে যোগ দেন ইন্ডিয়ান ব্রডকাস্টিং কোম্পানি। তাঁর বিভিন্ন লেখার মধ্যে সময়ে অসময়ে ফুটে উঠেছে স্বদেশীয়ানার ছাপ যার বেশীরভাগই আজ কালের অযত্নে হারিয়ে গেছে। ১৯৪৪-এর যুদ্ধকালীন পরিস্থিতিতে যখন কলকাতা বেতারকেন্দ্রের উচ্চপদস্থ কর্মচারীদের বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহারের অভিযোগ উঠল এবং দিল্লির ভারপ্রাপ্ত কয়েকজন ব্যক্তি তদন্ত করতে এলেন, তখন ব্রিটিশদের "সিদ্ধান্তের প্রতিবাদে বীরেন্দ্রকৃষ্ণ পদত্যাগ করলেন। কিন্তু বীরেন্দ্রকৃষ্ণ যে কলকাতা বেতার কেন্দ্রের পক্ষে কতখানি অপরিহার্য সেটা বুঝলেন স্থানীয় কর্তৃপক্ষ।" এই প্রতিবাদের ফলে ব্রিটিশরা তাদের সিদ্ধান্ত বদল করতে বাধ্য হয়েছিলেন। ঠিক এরকমই ছিলেন বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র। এক আপনভোলা বহুমুখী প্রতিভা।

* * *

শোনা যায়, ভোরবেলায় গঙ্গাস্নান করে আসতেন বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র; পরনে নতুন থানের ধুতি; উর্দ্ধাঙ্গ অনাবৃত। বাকিরাও স্নান করে গেরুয়া বসনে স্টুডিওয় আসতেন। অনুষ্ঠান শুরুর আগে তিনি বলতেন, "সবাই ধ্যান করে নাও।" অবাক করার বিষয় তিনি কোনোদিনও একটা ধূপকাঠি দেখিয়ে বাড়িতে ঠাকুর পুজো করেন নি। যাকে মহালয়ার দিনে মানুষ ভগবান রূপে পুজো করে, তিনি বাড়িতে পুজো উপচারের ধারে কাছেও যেতেন না। তিনি বলতেন, "ভক্তি থাকবে মনে। তাতে আবার দেখানোর কি আছে?"

আশ্বিনের শারদপ্রাতে বেজে উঠেছে আলোক মঞ্জীর;
ধরণীর বহিরাকাশে অন্তরিত মেঘমালা;
প্রকৃতির অন্তরাকাশে জাগরিত জ্যোতির্ময়ী জগন্মাতার
আগমন বার্তা।

তথ্যসূত্র :

"আনন্দমঠ"
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
আদিত্য পুস্তকালয় (মহালয়া ১৪২৪ বং)

"বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র (বিরূপাক্ষ) রচনাসমগ্র : দ্বিতীয় খণ্ড"
লালমাটি প্রকাশন (২০২০ খ্রিঃ)

আমার ক্লান্তি আমার বস্তা পচা ব্রেইন,
আমার ঢুলে ঘুমিয়ে যাওয়া, নিস্তব্ধ লোকাল ট্রেন।

আমার চক্ষু ভেজা জল, যেন গঙ্গার দূষিত জল
আমার রাস্তায় মরে পড়ে থাকা রক্তাক্তের দল।

আমার মায়ের কোল খালি, নারীদের ধর্ষন
শহুরে কবি আওড়ায় খালি প্রেমের বর্ষন

আমার ভোটের নামে খুন,যেন নগ্ন গনতন্ত্র
সংবাদ সাজায় খবর এমন যেন মিছে পঞ্চতন্ত্র।

আমার ধুলোয় ভরা রাস্তা, মোড়ের মাথায় চা
ধর্ষন হলে সাজে মিছিল,খুন হলে ধামাচাপা।

আমারই অজানা চেনা রাজ্য যেন দুঃখিত মা
মরে ককিয়ে ক্ষোভে কুলুপ এঁটে কান্না।

- স্নেহাদ্রী সরকার

বাংলার দুর্গা পূজা

ABHINABA BOSE

শ্রী শ্রী চণ্ডীতে দেবীর শাশ্বত অভয় বানী শোনা যায় –

"ইত্থং যদা যদা বাধা দানবোত্থা ভবিষ্যতি ।।
তদা তদাবতীর্যাহং করিষ্যাম্যরিসংক্ষয়ম্ ।।"

শ্রীশ্রীচণ্ডী, একাদশ অধ্যায়— নারায়ণীস্তুতি,
শ্লোক – ৫৪-৫৫

অর্থাৎ তিনি বলছেন 'এই প্রকারে যখনই দানবগণের প্রাদুর্ভাববশতঃ বিঘ্ন উপস্থিত হবে তখনই আমি আবির্ভূতা হয়ে দেব-শত্রু অসুরগণকে বিনাশ করব।'

তিনি মহিষাসুরমর্দিনী, তিনি রণদা চণ্ডী, দেবতারা সহস্র বর্ষ স্তব করেও তাঁকে তুষ্ট করতে পারেন না, স্বয়ং ত্রিলোচনও তাঁর তত্ব পেতে অপারক। সমস্ত ব্রহ্মাণ্ডের যিনি জননী, চন্ডীতে যাকে স্থিতি সংহারকারিনি বলা হয়েছে, আমাদের কাছে তিনি আদরের মেয়ে উমা। পিতা গিরিরাজ হিমালায় ও মাতা মেনকার জ্যেষ্ঠ কন্যা। বিবাহ হয়েছে দেবাদিদেব মহদেবের সাথে।

এই হল বঙ্গদেশের দুর্গা। বৃন্দাবনে যেমন ভগবান শ্রী কৃষ্ণ ঈশ্বর নন তাদের প্রানের ধন কানাই, ঠিক তেমন তিনি দেবী নন , ঘরের মেয়ে পার্বতী। মাত্র চারদিনের জন্য পিত্রালয় থাকার অনুমতি নিয়ে আসেন স্বামীর কাছ থাকে।

শরতের আকাশে যখন কাশ ফুলের মত সাদা মেঘ ভেসে বেড়ায়, তখন চঞ্চল হয়ে ওঠে মায়ের মন। মেনকার যেন আর তর সয়ে না। প্রতিটা এগিয়ে যাওয়া দিনের সাথে মেনকা হয়ে ওঠেন অস্থির। বারবার তাঁর স্বামীর কাছে মেয়েকে আনার অনুরোধ করতে থাকেন। তিনি যেন স্বপনে শয়নে অনুভব করতে পারেন যে তাঁর প্রাণাধিক প্রিয় কন্যা তাঁকে দেখার জন্য ছটফট করছে। কৈলাস থেকে মেনকা মেয়ের কান্না শুনতে পান। অবশেষে বাড়ি ফেরে উমা। তাকে দেখা মাত্র মেনকা ঠিক করেন জামাই এলেও এবার আর ফেরত পাঠাবেন না।

সাধাক রামপ্রাসাদ গেয়েছেন,

"বলে বলবে লোকে মন্দ, কারো
কথা শুনবো না।।
গিরি,এবার আমার উমা এলে,
আর উমা পাঠাব না।"

কিন্তু কত্রি ছাড়া যে কর্তা অচল। তাই লুকিয়ে লুকিয়ে শিব ঠাকুরও চলে আসেন মর্তে। এইদিকে মেনকার আনন্দ যে বাঁধ ভেঙ্গেছে। মেয়ে আর নাতি নাতনিদের পেয়ে তিনি পরম সুখী। তাঁদের সেবা, যত্ন, আতিথেয়তার ব্যবস্থা করতে করতে তাঁর নিশ্বাস ফেলার সময় থাকে না। চারিদিকে সাজ –

সাজ রব। সমস্ত দিকে শুধু রোশনাই আর ঢাকের বাদ্যি। মহানন্দে সময় কাটে। শিউলি আর ছাতিম -এর গন্ধ জানান দেয়, গিরিরাজের উল্লাস। তিনি যেন মেয়ে কে পেয়ে বলেন,

"কে গো আমার মা কি এলি?
আয় মা মনের কথা বলি।"

কিন্তু হায়! নদীর স্রোত নিজের তালে বয়ে যায়। কারুর জন্য সে অপেক্ষা করে না। সপ্তমী, অষ্টমী পেরিয়ে এগিয়ে আসে নবমী। গিরিরাজ আর মেনকার মন ক্রমে ভারি হয়ে উঠতে থাকে। করজোড়ে তাঁরা প্রার্থনা করতে থাকেন যাতে নবমী নিশির অবশান না হয়ে। কিন্তু নবমী নিশি তাঁদের করুন প্রার্থনায় দৃকপাত অবধি করে না। অবশেষে আসে নিষ্ঠুর দশমী। আজ কৈলাসে ফেরার পালা পার্বতীর । সমস্ত দিক আজ বর্ণহীন। ঢাকের আওয়াজ ম্লান। প্রকৃতি নিজেই যেন বিষাদে ডুবে আছে। সময় গড়িয়ে যায়। এবার সসীম থেকে অসীম হওয়ার পালা। হিমালায় তাঁকে রেখে দিতে চান নিজের কাছে। সবকিছু ফেলে এগিয়ে যায় হৈমবতী পিছনে রেখে যায় এক বছরের কঠিন অপেক্ষা।

না, এক বছর না। আর কদিন পর দুর্গাই ফেরেন শ্যামা হয়ে। ঘোর মসিবর্ণা, করাল বদনা। এবার আর ঘরের মেয়ে হয়ে না, তিনি আসেন আসুর ঘাতিনী হয়ে। দ্বিপান্বিতা অমাবস্যার গভীর রাতে তাঁর আগমন। স্বয়ং মহাকালের হৃদয়ের উপর তাঁর অবস্থান, তিনি কালী।

'একৈবাহং জগৎয়ত্র দ্বিতীয়া কা মমাপরা'

দেবী নিজমুখে বলেছেন যে তিনি এক এবং অদ্বিতীয়, তাও বহুরুপে তিনি ফিরে আসেন, বহুবার। সবই সেই বিরাট মহামায়ার ছায়া মাত্র।

তাইতো ভক্ত কবি বলেছেন,

"কে জানে মা! তব মায়া?"



পুজোর গন্ধ

মাষ্টারমশাই মাষ্টারমশাই,
ভালো লাগে না যাই।
ভোরের শিশির আলোর সাথে,
কাশফুল তুলবো তাই।
হলো যে অনেক পড়াশোনা,
এবার হোক দিন গণা।
মাত্র কদিন বাকি যে আর,
ভালো লাগে না তাই।

মাষ্টারমশাই মাষ্টারমশাই,
রাত পোহালেই খুশির আলো,
মাখবো সবাই ভোরের আলো।
মহালয়ার গানের সাথেই তো.....
মা এর আগমন বার্তা,
তাই চাই না মন পড়তে যে আর,
ঘরে চলে যাই।।

- রিমি নস্কর

গিরিশ ঘোষের জ্যান্ত দুর্গা

PABRISHA DAS

"গিরিশ ঘোষের জেদ
মানে না স্বর্গ, মর্ত্য ভেদ"

গিরিশ জেদ ধরেছেন, এবার যদি পুজো করতেই হয়, তবে জ্যান্ত দুর্গার পুজো করবেন। গিরিশের দিদি পড়েছেন আতান্তরে। ভাইয়ের জেদ তিনি জানেন। শুধু দিদি কেন, সারা বাংলাদেশ জানত গিরিশ ঘোষের জেদ। বাংলা নাট্যমঞ্চের সম্রাট তিনি। নাট্যরচনায়, পরিচালনায়, অভিনয়ে, প্রযোজনায় সবেতে পারদর্শী। অন্যদিকে বে পাড়ার 'অচ্ছুত মেয়েদের' বাংলা মঞ্চের সেরা অভনেত্রী হিসেবে ও বরণীয় শিল্পী হিসেবে সমাদৃত করার জেদ এবং সাফল্য তাঁর করায়ত্ত।

১৯০৭ সালের কথা। তখন গিরিশ এর ঠাকুর রামকৃষ্ণদেবও নেই, বয়োকনিষ্ঠ সখা বিবেকানন্দ ও নেই। সে যখন স্বেচ্ছাচারী, জেদি, একরোখা যুবক, তখন পাড়ার কিছু লোক রাত্তিরে তাদের বাড়ির সীমানার মধ্যে একটা প্রতিমা বসিয়ে রেখে যায়। কদিন বাদেই দুর্গাপুজো।তাদের ধারণা ছিল যে মূর্তি দেখে পুজোর আয়োজন হবে ঘোষ বাড়িতে। সকালবেলা পাড়া প্রতিবেশীরা অনেকেই কাছাকাছি হাজির মজা নেওয়ার জন্য। ঘুম থেকে উঠে গিরিশচন্দ্র বুঝলেন ব্যাপারটা। মাথায় আগুন জ্বলতে শুরু করেছে। ঢক ঢক করে মদ্যপান করে নাটকীয় ভাবে হাতে লাঠি নিয়ে প্রতিমার সামনে হাজির হলেন গিরিশ। খন্ড বিখণ্ড করে দিলেন প্রতিমা। দিদি ভয় আর্তনাদ করছেন। প্রতিবেশীরা আটকাতে চাইছেন। কিন্তু গিরিশ প্রতিমা চূর্ণ বিচূর্ণ করার আগে পর্যন্ত থামলেন না। তারপর মাটি খুঁড়ে সেই মূর্তি চূর্ণ মিশিয়ে দিলেন মাটিতে। তাঁর কোনো অনুশোচনা নেই।

সেই রুদ্র ভৈরব, ঘোর নাস্তিক, ঈশ্বর অবিশ্বাসী, প্রতিমা পুজো থেকে শতহস্ত দূরে থাকা গিরিশচন্দ্র জেদ ধরেছেন জ্যান্ত দুর্গার পুজো করবেন। দিদি আয়োজন করেছেন দুর্গা পুজোর। লোকে জানে রামকৃষ্ণ ভক্ত গিরিশ এর বাড়িতে দুর্গা পুজো হবে এবার। শুধু গিরিশ জানেন তিনি পুজো করবেন জ্যান্ত দুর্গার।

এই জ্যান্ত দুর্গার সঙ্গে গিরিশের প্রথম সাক্ষাৎ খুব রহস্যময় এবং অলৌকিক। এই সাক্ষাৎ কারের কথা বহু বছর পর স্বামী যোগানন্দ কে বলেছিলেন গিরিশচন্দ্র। তাকে বলেন ' একবার আমি অত্যন্ত অসুস্থ হয়ে পরি। ডাক্তাররা আশা ছেড়ে দিয়েছিলেন। নিদারুণ যন্ত্রণায় রোগের অন্যান্য উপসর্গের কারণে ছটফট করছিলাম। একরাত্রি একটি অদ্ভুত স্বপ্ন দেখলাম। আমার সামনে এসে দাড়িয়েছে এক নারীমূর্তি। তিনি আশ্বাস দিয়ে বলেন আমার অসুখ তাড়াতাড়ি সেরে

যাবে। ওষুধ দিলেন। তারপর স্বপ্ন মিলিয়ে গেল। আমি গভীর ঘুমে মগ্ন হয়ে রইলাম দীর্ঘ সময়। খুব আশ্চর্য ব্যাপার, পরদিন সকালে আমি পুরো সুস্থ, রোগটা যেন নেই। এজাতীয় অলৌকিকতার সঙ্গে তখনও আমি অপরিচিত। তখনও ঠাকুর অথবা মায়ের দর্শনের আর আশীর্বাদ এর সৌভাগ্য হয়নি।'

এর পর বাগবাজারের গঙ্গা দিয়ে অনেক জল গড়িয়ে গেছে । রামকৃষ্ণদেব কে প্রচুর অবজ্ঞা, অবহেলা, মাতাল হয়ে গালাগাল করার পর ঠাকুরের চরণে লুটিয়ে পড়েছেন গিরিশ। কিন্তু সারদাদেবীকে দর্শন করেছেন রামকৃষ্ণদেবের মৃত্যুর অনেক পরে। তখন সারদা দেবী জয়রামবাটিতে। কলকাতা থেকে জয়রামবাটি পৌঁছলেন গিরিশচন্দ্র। সাথী ছিলেন স্বামী বিরজানন্দ ও নিরঞ্জন মহারাজ। মাটিতে লুটিয়ে প্রণাম করলেন তাকে। মাটি থেকে মাথা আর তোলেন না তিনি। সারদাদেবী তাকে কাছে ডাকলেন। কাছে যেতে গিরিশের কপালে চন্দনের ফোঁটা পরিয়ে দিলেন তিনি।

মায়ের মাথার ঘোমটা গেছে সরে। গিরিশ সেই মাতৃমুখের দিকে তাকিয়ে থর থর করে কেঁপে উঠলেন। গিরিশ চরম বিস্ময় তাকিয়ে দেখলেন , এই সেই নারীমূর্তি , যিনি গিরিশ ঘোষ এর স্বপ্নে এসে তাকে ওষুধ খাইয়েছিলেন।

গিরিশ শুধু অস্ফুটে উচ্চারণ করলেন, 'এ কি মা, তুমি !' কথাটি স্বামী যোগানন্দ কে বললেন গিরিশ। বললেন, ঠাকুরের কাছে আসার অনেক আগে, স্বপ্নে মা কে পেয়েছেন তিনি। তার আশীর্বাদেই সে আসতে পেরেছে ঠাকুরের কাছে, সঙ্গে সঙ্গ পেয়েছেন তার গুরুভাই নরেন, অর্থাৎ বিশ্বজয়ী বিবেকান্দকে।

চরম নাস্তিক, ঠাকুর দেবতাকে নিয়ে রসিকতা, ঠাট্টা ইয়ার্কি করা গিরিশ পরবর্তীকালে পরম ভক্ত হয়ে উঠলেন। তার ' চৈতন্যলীলা ' দেখার পরে নটী বিনোদিনীর মাথায় হাত রেখে রামকৃষ্ণদেব বলেছিলেন, তোমার চৈতন্য হোক।

পরবর্তীকালে তার নাটকে যেমন অধ্যাত্মবাদের গভীর প্রকাশ ঘটেছে, তেমনি মানুষের প্রতি ভালোবাসার কথাও উন্মোচিত হয়েছে। গিরিশ ঘোষ এর ৮৫ বছর পরে জন্ম নেওয়া বাংলার আর এক প্রতিভাময় নাট্যকার, পরিচালক উৎপল দত্ত তার ' গিরিশ মানস '- এ লিখেছিলেন, রামকৃষ্ণ ও বিবেকানন্দের সংস্পর্শে আসার পর গিরিশচন্দ্রের নাটকে মানবতাবাদ ও জাতীয়তাবাদের প্রকাশ গভীর মাত্রা পেয়েছিল। উৎপল দত্ত বলেন ' ধর্মের রণধ্বনি তুলে জাতীয়তাবাদ প্রচার করেছেন বিবেকানন্দ ও গিরিশচন্দ্র। ' সেই নাটক লেখা ছেড়ে একসময় সন্ন্যাসী হওয়ার স্বপ্ন ও জেদ চেপেছিল গীরিশের। ঠাকুর বলেছিলেন, তুমি তোমার কাজ করো। এ নিয়ে ভেবো না। তোমার নাটকে যে লোক - শিক্ষা হয়। পরে তার জগজ্জননী সারদার সঙ্গে প্রথম সাক্ষাতের পর আবার সন্ন্যাসী হওয়ার মনোবাসনা জানান তিনি। যে গিরিশ বয়সের বিচারে মা সারদার চেয়ে বড়, মায়ের কাছে সেই গিরিশই শিশু।তার আবদার শুনে মা সারদাও বলেছিলেন, তোমার কাজ তুমি করো। তাতেই মানুষের মঙ্গল হবে। মেনে নিয়েছিলেন গিরিশ। নাটক লিখেছিলেন আবার।কিন্তু এবার দুর্গোৎসবে গীরিশের জেদ মাকে চাই। সত্যিকারের মাকে। তবেই হবে দুর্গাপুজো। জ্যান্ত দুর্গা ছাড়া পুজো করে কোনো মানেই নেই। গিরিশের গুরু রামকৃষ্ণদেব দক্ষিণেশ্বরে বসে নিজের স্ত্রীকে দেবী রূপে ষোড়শী পুজো করে বিস্ময় হতবাক করে দিয়েছিলেন বিশ্বকে। ' ওই মন্দিরে যিনি আছেন, তোমার মধ্যেও তিনি আছেন ', সারদামনি বলেছিলেন রামকৃষ্ণ। তিনি বলতেন, মাটির মূর্তিতে, পাথরের মূর্তিতে যদি ঈশ্বর থাকেন, তবে মানুষের মধ্যেও তিনি আছেন। সেই গুরুর পথ ধরেই স্বামী বিবেকানন্দ বিশ্বাস করেছিলেন, জীবে প্রেম করে যেই জন, সেইজন সেবিছে ঈশ্বর। সারা জীবন সেই কাজটিই করে গেছেন তিনি। এবং মা সারদার মধ্যে জগদম্বাকে অনুভব করেছিলেন স্বামীজি এবং তার গুরুভাই গিরিশচন্দ্র। পরবর্তীকালে যখন বেলুড়মঠে দুর্গাপুজোর আয়োজন হয়ে, স্বামীজি বলেন তাদের জ্যান্ত, মানুষ রূপের দুর্গা হচ্ছেন তাদের মাতা, মা সারদা। তাকেই পুজো করে শুরু হবে তাদের দুর্গোৎসব। তিনিই তাদের জল জ্যান্ত দুর্গা মা।গুরু শ্রীরামকৃষ্ণ ও গুড়ুভাই বিবেকানন্দের পথ ধরে গিরিশ ও চান এবার জ্যান্ত দুর্গার পুজো করতেন। তার জেদ বড় ভয়ংকর।

আরমকৃষ্ণদেব কে প্রচুর জ্বালিয়েছেন গিরিশ। মিড খেয়ে চুর হয়ে চলে গেছেন দক্ষিণেশ্বর। সবাই যখন ছ্যা ছ্যা করে ওঠেন, রামকৃষ্ণদেব তাকে কাছে ডেকে তাকে আদর করে বসাতেন। একবার বেপাড়ায় হই হুল্লোড় ও মদ্যপান করে মাঝরাতে দক্ষিণেশ্বর হাজির হন গিরিশচন্দ্র। তখন দরজা বন্ধ। তার চিৎকার শুনে রামকৃষ্ণদেব ছুটে যান দরজার সামনে। গিরিশচন্দ্রের গায়ে মাথায় হাত বুলিয়ে হরিনাম সংকীর্তন শুরু করে দিলেন তিনি। গিরিশ ভাবতেন, এ তো আশ্চর্য ঠাকুর। তার মতন মাতাল কেও তিনি ভালোবাসলেন মাঝ রাত্তিরে?ঘোর অবিশ্বাসী গিরিশচন্দ্রই যখন চরম বিশ্বাসী

ভক্ত ভৈরব হয়ে উঠলেন, তখন তিনিই বলতে শুরু করলেন শ্রীরামকৃষ্ণ নরদেহে ঈশ্বরের অবতার। ১৮৮৬ খ্রিস্টাব্দের, পয়লা জানুয়ারি, (কল্পতরু উৎসব বলে চিহ্নিত) কাশিপুর উদ্যানবাটিতে গিরিশ কে রামকৃষ্ণদেব প্রশ্ন করলেন ,' গিরিশ, তুমি যে সকলকে এত কথা বলে বেড়াও, তুমি কি দেখেছ ও বুঝেছ?'গিরিশ হাঁটু গেড়ে বসে ছলছল চোখে হাতজোড় করে বলেছিলেন, ব্যাস - বাল্মীকি যার ইয়ত্তা করতে পারেননি, সেখানে তিনি তার সম্বন্ধে অধিক আর কি বলতে পারেন?

রামকৃষ্ণদেব বলতেন , গিরিশের বিশ্বাস পাঁচ সিকে পাঁচ আনা। এই বিশ্বাসের জোরেই গিরিশ জেদ ধরেছেন এবার জ্যান্ত দুর্গার পুজো করবেন।

ঘোষ বাড়িতে দুর্গা পুজোর আয়োজন চলছে। গিরিশের জেদ ও বাড়ছে। তখন শ্রীমা সারদা জয়রামবাটিতে। তার জ্বর। এমন সময় কলকাতা থেকে স্বামী সারদানন্দ চিঠি লিখে পাঠান সারদাদেবী কে যে, গিরিশবাবু বাড়িতে দুর্গা পুজোর আয়োজন করছেন। মা, না এলে তিনি নাকি পুজোই করবেন না। কিন্তু এই জ্বর নিয়ে মা আসবেন কী করে?

গিরিশের বাড়িতে পুজোর আয়োজন, অথচ পুজোতে কোনো মন নেই তার। তিনি যে জ্যান্ত দুর্গার পুজো করবেন বলে বসে আছেন। গিরিশ শুনেছেন, মায়ের জ্বর। আবার কিনা জয়রামবাটিতে আছেন। তাহলে কি ব্যর্থ হয়ে যাবে গিরিশের জ্যান্ত দুর্গা পুজো? পুজোর বোধনের ক্ষন উপস্থিত। গিরিশের হাতে একটা পদ্মফুল। চোখ বুজে সেই স্বপ্নে দেখা মাতৃমূর্তি , জয়রামবাটিতে দেখা সত্যিকারের মায়ের মুখটা মনে করেন গিরিশ।

গ্রিস জয়রামবাটিতে সারদা মা কে প্রশ্ন করেছিলেন, তুমি আমার কেমন মা? মা বলেছিলেন, 'আমি সত্যি কারের মা। গুরুপত্নী নই, পাতানো মা নই, কথার কথা মা নই। সত্য জননী। তোমার সত্যিকারের মা।'

বোধনের বাজনা বেজে উঠল। গিরিশের দরজা পেরিয়ে ঢুকলেন গিরিশের সত্যিকারের মা, মা সারদা। গিরিশের জ্যান্ত দুর্গা। বিশ্বাস হচ্ছে না গিরিশের। জ্বর নিয়েও মা এসেছেন। তার ডাকে এসেছেন! গিরিশের ডাকে তিনি জয়রামবাটি থেকে কলকাতায় এসে উঠলেন ভক্ত বলরাম বসুর বাড়িতে। অসুস্থ শরীরেই তিনি হাজির তার সত্যিকারের পুত্রের ডাকে।

পদ্মফুলটি গিরিশ অর্পণ করেন মায়ের পায়ে, জ্যান্ত দুর্গার শ্রীচরণে। অস্ফুটে গান ধরেন গিরিশ। মা বেটি কি মাটির মেয়ে, মিছে ঘাটিস মাটি নিয়ে।

গিরিশের চোখ জলে ভেসে যায়। সেই জলে সারা বিশ্বের অসিম আনন্দ মিশে রয়েছে।

সত্যিকারের মা হাত রাখেন গিরিশের মাথায়। এই মহাবিশ্বের এক ছোট্ট বিন্দুতে, বাগবাজারে, পুজোর বাদ্যি বেজে উঠল। শুরু হল দুর্গা পুজো। জ্যান্ত দুর্গার।

Amid the vibrant cacophony of the city of Joy, lies the hushed colonies, synchronizing enigma and poignance- forming the crux of 'Tilottoma'.

Once bustling with the rush of bygone days, today it solicits deep introspection and reflection from its visitors seeking refuge from the buzzing and bustling city life.

The tranquil stretches inscribed the bloodstained tales of patriotism-witnessed the desperate struggle for a life-free and uninhibited, unlike the claustrophobic lanes of colonialism.

The weathered cobblestones reverberate the nostalgia of the rolling wheels of rickshaws, reminiscing the journey of common people towards fulfillment of aspirations.

The void sheltered the shredded and unfolded the saga of hope and resilience.

The dilapidated windows and worn out walls hold the testaments of whispers and secrets of love and longing of the forgotten times.

In the ebbs and flows of time, the city continues to exhibit a harmonious coexistence of modernized metropolis and classical charm of preserved heritage.

- Shreyasi Pal



পুজোর পুরাণ

RATUL SENGUPTA

আসছে, ৫ দিনের ম্যাজিক আসছে, The World's Largest Street Carnival আসছে , আর তার পর সর্বত্র আপনি দেখতে পাবেন সেই typical দূর্গা পুজোর বিজ্ঞাপন। সব বিজ্ঞাপনেই দেখা যাবে বনেদি বাড়ির পুজো, সেই মা মাসিমারা লাল পার সাদা শাড়ী পরে পুজো মণ্ডপে আসছে, সেই বাচ্ছারা ছোটা-ছুটি করছে ঠাকুর দালানের মধ্যে, প্যান্ডেলে প্যান্ডেলে নানা রকমের প্রতিমা, দেখতে ভালোই লাগে। কিন্তু কলকাতার যে জায়গা এই প্রতিমা নির্মাণের জন্য বিখ্যাত সেই কুমারটুলির উৎপত্তির পেছনে আছে একটি সুন্দর গল্প। সেইটা কি? জানতে হলে, আমাদের সময়ে একটু পিছিয়ে যেতে হবে।

অবিভক্ত বাংলার দূর্গা পুজোর প্রচলন শুরু করেন নদিয়ার রাজা কৃষ্ণচন্দ্র। যদিও কলকাতায় দূর্গা পুজো প্রচলন শুরু করেন শোভাবাজার রাজবাড়ীর রাজা নবকৃষ্ণ দেব। সালটা ছিল ১৭৫৭, পলাশির যুদ্ধ জয়ের পর ইংরেজ রা কলকাতার গোবিন্দপুর চত্বর মানে আজকের ময়দানের আসেপাশের জায়গাটায় তাদের নতুন Fort William বানানোর সিদ্ধান্ত নেয়। কেল্লা বানাতে, ইংরেজরা গোবিন্দপুর এলাকার লোকেদেরকে সরিয়ে সুতানুটি অঞ্চলে, পেশাভিত্তিক অর্থাৎ কাজ ভিত্তিক এলাকা ভাগ করে দেওয়া হয়। যেমন ছুতোরপাড়া, আহিরীটোলা, কুমারটুলি ইত্যাদি। ১৭৫৭ সালে, রাজা নবকৃষ্ণ কলকাতায় পুজো শুরু করাতে আস্তে আস্তে বাকি ধনী সম্প্রদায় বাড়িতেও দূর্গা পুজার প্রচলন শুরু হয়। সেই থেকে শান্তিপুর, কৃষ্ণনগর এইসব জায়গার কুমার রা কলকাতায় চলে আসে এই কুমারটুলি অঞ্চলে, বেশি উপার্জনের আশায়। তবে একটি মজার ব্যাপার হলো, কুমোরটুলি লোকেরা আগে কখনো সিংহ দেখেনি তাই শোভাবাজার রাজবাড়ীর প্রতিমায় সিংহের আকৃতি ঘোড়ার মতন যা আজ ও অপরিবর্তিত।

কিন্তু আমাদের আজকের দূর্গা পূজা যে এইরকম বিশাল একটা ব্যাপার হয়েছে, সেটা তো আর বাড়ির পুজোর জন্য হয়নি, হয়েছে বারোয়ারি পুজোর জন্য। আচ্ছা তাহলে বলুন তো , কলকাতার প্রথম বারোয়ারি পুজো কোনটা? আপনি কি ভাবছেন বাগবাজার? আরে মশাই কলকাতার সব জিনিস কি শুধু North এ থাকবে কিছু জিনিস তো আমাদের South এর দিকেও আছে। তো গল্প শুরু আদি গঙ্গার ধারে বলরাম বসু ঘাট দিয়ে যেটা ছিল একটি সতী দাহ ঘাট। তারপর ১৮৩৯ এ সতী প্রথা বন্ধ হলো। তার ঠিক ৮০ বছর পরে ১৯০৯ সালে, মানে যে বছর Dalhousie Gillander House তৈরী হয়, সেই বছর এখানে ঘটে একটি ঘটনা। ভবানীপুরের দিকে যদি যান তাহলে দেখবেন একটু নর্থ কলকাতার মতন দেখতে লাগে, তার কারণ ভবানীপুর কিন্তু খুব পুরোনো একটি পাড়া আর বলরাম বসু ঘাট এর আসে পাশে অনেক সমৃদ্ধ বাঙালি পরিবার থাকে। এই যেমন ধরুন হরিশ মুখার্জী রোড এর পাশে নন্দন রোড যাদের নামে সেই নন্দন পরিবার কিন্তু

আজ ও ভবানীপুরের থাকে এবং তাদের ব্যবসা সোনার। তো ওই বলরাম বসু ঘাট, হরিশ চ্যাটার্জী স্ট্রিট এলাকায় যারা থাকতেন, তারা ঠিক করলেন সবাই মিলে একটা দূর্গা পুজো করলে বেশ হয়। তৈরী হলো ভবানী সনাতন ধর্মৎসাহীনি সভা। কারা ছিলেন জানেন এই দলে? জানলে অবাক হবেন, বিখ্যাত লেখক প্রেমেন্দ্র মিত্রর বাবা, তারপর বিখ্যাত অনেক বইয়ের লেখক কেশব চন্দ্র নাগ বা KC Nag এর বাবা, তারা শুরু করে এই পুজো, তারপর আশুতোষ মুখার্জী, প্রেমেন্দ্র মিত্র, KC Nag, এরাও জুড়েছিলেন এই পূজা সভার সঙ্গে। তো ১৯০৯ শুরু হয় সনাতন ধর্মৎসাহীনির সভার পুজো, ১১৪ বছর বয়েস হলো এই পুজোর এই বছর। পুজো কিন্তু নিয়ম ভাবে প্রত্যেক বছর হয়ে চলেছে। তার মানে পুজো চলেছে দুটো বিশ্ব যুদ্ধর মধ্যে দিয়ে , ১৯৪৩ সালে Great Bengal Famine এর মধ্যে দিয়ে , ১৯৭১ সালে বাংলাদেশ মুক্তি যুদ্ধ, এমন কি এই recent COVID ও আটকাতে পারেনি এই পুজো কে।

এখানে পুজোতে যে প্রতিমা হয়ে সেটা কিন্তু এখনো এক চালার দূর্গা প্রতিমা। যদিও এখনকার দূর্গা পুজোয় সব জায়গায় পাঁচ চালার প্রতিমা দেখি, কিন্তু আগের কলকাতায় তথা বাংলা তে একচালার প্রতিমা পুজো হতো। কি ভাবছেন? তাহলে এই পরিবর্তন হলো কেমন করে ? এই ঘটনার সাথে কিন্তু নেতাজি সুভাষ চন্দ্র বসু জড়িয়ে আছে। শুরুটা অবশ্য ১৯৩৩ সালে, কুমোরটুলি অঞ্চলে, কুমোরটুলির শিল্পীরা মিলে সার্বজনীন পুজো শুরু করে। গোপেশ্বর পাল ছিলেন এই পুজোর প্রতিমা নির্মাতা আর হরিশঙ্কর পাল ছিলেন সভাপতি। কিন্তু ১৯৩৮ সালে যখন হরিশঙ্কর বাবু সভাপতি পদ ছেড়ে দিলেন, সেই সময় সুভাষ চন্দ্র বসু কে সেই দায়িত্ব নেওয়ার জন্য অনুরোধ করা হয়। কিন্তু সেই বছর পুজোয় ঘটে এক বিপত্তি। পঞ্চমীর দিন, কোনো এক অজানা কারণে প্রতিমার গায়ে আগুন লেগে গিয়ে পুরো প্রতিমা ক্ষতিগ্রস্ত হয়, আর এক রাতের মধ্যে পুরো প্রতিমা তৈরি করা সহজ ব্যাপার নয়। তাই সুভাষ বসু আর গোপেশ্বর পাল মিলে এক ঐতিহাসিক সিদ্ধান্ত নিলেন। আলাদা আলাদা ভাবে প্রতিমা তৈরী করা হবে। গোপেশ্বর পাল তৈরী করলেন দূর্গা প্রতিমা আর বাকি শিল্পীরা তৈরী করলেন বাকি প্রতিমা গুলি। ষষ্ঠীর দিন মণ্ডপে প্রথম পাঁচ চালার প্রতিমা নিয়ে আসা হলো। আর এই ভাবেই পাঁচ চালার প্রতিমার পুজোর প্রচলন শুরু হলো। এটাই হচ্ছে পুজোর মজা জানেন, একটা "Sense of Continuity"। আমার আগে আমার বাবা করেছে, এখন আমি করছি, এরপর পরবর্তী প্রজন্ম চালিয়ে নিয়ে যাবে। হয়তো বাঙালি জোর গলায় বলে "আসছে বছর আবার হবে"!

DURGA PUJA - AS I SEE IT

RIDDHI DAS

Durga Puja, the grandest celebration in the Bengali calendar, is a symphony of emotion, power, enthusiasm, and love. It's not just a religious festival; it's an embodiment of cultural pride and unity.

Emotion runs high during these days, as devotees immerse themselves in the worship of Goddess Durga, the embodiment of feminine strength and compassion. It's a time for reflection, devotion, and gratitude, where prayers are offered not just for personal gain but for the well-being of all.

The power of Durga Puja lies in its ability to bring together people from all walks of life. Elaborate pandals (temporary temples) rise across cities, each trying to outdo the other in creativity and artistry. The crafting of the idols itself is a testament to the remarkable skills of artisans. The communal spirit and collective effort behind these endeavours are a demonstration of the incredible power of unity.

Enthusiasm permeates every aspect of the festival. From the rhythmic beats of the dhak (drum) to the vibrant dhunuchi (incense burner) dances, the air is charged with fervour. The streets come alive with processions, music, and dance, showcasing the unbridled enthusiasm of the participants and onlookers alike.

At its core, Durga Puja is a festival of love, both divine and human. It's about the love and devotion that devotees pour into their prayers, and it's about the love that binds communities together as they celebrate the triumph of good over evil. Durga Puja is a powerful testament to the depth of human emotion, the strength of unity, the fervour of enthusiasm, and the boundless love that connects us all.

অগ্নিযুগের
কাহিনী

প্রিয় নেতাজী,

তুমি বলেছিলে, "তোমরা আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেব।"

রক্ত আমরা আজও দিচ্ছি, দিতে বাধ্য হচ্ছ। তবে সেটা তোমার চিরকাঙ্খিত স্বাধীনতার জন্য নয়। বাকিটা থাক ....ওরা শুনছে !!

আজ তোমাকে লিখতে বসলে হয়তো এই কালি ফুরিয়ে যাবে, এই মুহূর্তে তোমাকে বড়ো প্রয়োজন নেতাজী, ভারতমাতা যে আজও হতাশ।

হে বীর,

হয়তো তুমি আবার আসবে, হয়তো 'সুভাষ' নামে নয়। আমাদের বুকে জমে থাকা তীব্র অভিমানের নামে, আমাদের আবেগের নামে, আমাদের সাহসের নামে।

হয়তো আজও অনেক 'সুভাস' আমাদের চোখে 'গুমনামি'। সেই "চিরদুর্দম, দুর্বিনীত, নৃশংস মহা-প্রলয়ের নটরাজ " রূপে জেগে উঠুক তাঁরা । প্রতিটি হৃদয়ে স্পন্দিত হোক, **"বিদ্রোহী সুভাষ"**

আজ তোমায় কিছু কথা লিখলাম, আমার বিশ্বাস তুমি শুনছো। তোমাকে ফিরতেই হবে নেতাজী, হ্যাঁ কোনো ছদ্মবেশে নয় ভারতবর্ষের প্রতিটি প্রান্তে লুকোনো 'সুভাষ-দের মধ্য থেকে বেড়িয়ে আসুক সেই আগুনের স্ফুলিঙ্গ, সেই "দেশনায়ক সুভাষ চন্দ্র বসু '

অপেক্ষায় রইলাম ...

- দেবলীনা মিশ্র

21 OCT 1943

The Proclamation of Independence

FORWARD



21 OCTOBER 1943:
THE PROCLAMATION OF INDEPENDENCE

KAUSANI SAHA

21st October 1943 should be marked as a very important date in the history of Indian Freedom Struggle. It signifies the formation day of the "Arzi Hukumat-e-Azad Hind" (Provisional Government of the Azad Hind) by Netaji Subhas Chandra Bose. The Indian National Army (or Azad Hind Fauj) was the military wing of the Azad Hind Government. Though, it was originally formed by Indian and Japanese collaborations between Rash Behari Bose and was later handed over to Netaji who revived the army and pushed it to the zenith of its potential. Formation of the INA was a highly crucial step towards the progress in India's struggle for independence from British colonial rule.

Azad Hind was recognised as a legitimate state by only a small number of countries limited solely to Axis powers and their allies. Hence, this international backing brought India's freedom struggle to global attention, creating a huge exposure to greater opportunities and advances. It also showcased that India's fight for freedom was not limited to domestic efforts but had a global reach.

The INA had always been a symbol which represented a bold move from India's side, to revolt against the British. Its aim was to rally Indian soldiers and common citizens to fight against the British; for India's freedom; for her justice. It drew support from both the country and abroad. The Fauj mainly consisted of Indian soldiers who had previously served in the British Indian Army but were now against the cause of the same. This made the INA a significant force to deal with owing to their military and strategic assets for the independence movement of our nation.

It also served as a symbol for unity, uniting people from a copious number of backgrounds and regions, transcending linguistic, regional and religious barriers. It epitomized and clarified people's vision of a united and independent India.

The INA's march into India had led to the Red Fort Trials, where the Fauj's soldiers were tried for their retaliation against the British Rule. Ironically, it rather garnered public sympathy and further fueled the demand for India's complete Independence. While the INA did not directly help achieve India's freedom. It certainly played a vital role in shaping the political landscape along with a plethora of reasons which indirectly served the cause.

The events of 21st October 1943 also gave rise to Bose's famous slogan, 'Chalo Dilli' and 'Tum mujhe khoon do, main tumhe azadi dunga'.

এই দেশ ভোলেনি তোমায়



যুদ্ধের মাঠ রয়েছে অটুট,
অপেক্ষায় আছে সবাই;
মন থেকে মোছেনি কেউ,
আজ ও এই দেশ ভোলেনি তোমায়।

সত্যের অবলম্বনে রয়েছে জয়,
